

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

বিষয়ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫
বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ খিনওয়ান নু
	পরিচালক
	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, চট্টগ্রাম
তারিখ	ঃ ১৮ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ
সময়	ঃ সকাল- ১১.০০ টা
স্থান	ঃ পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, চট্টগ্রাম এর অফিস কক্ষ।
উপস্থিতি	ঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সরকারি কর্মচারীর নিজ ও পরিবারের আর্থ সামাজিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করে আসছে। কল্যাণ বোর্ডের প্রদত্ত সেবা কার্যক্রম সম্পর্কে সকল সরকারি কর্মচারীর অবগতির বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন।

সভাপতি প্রথমেই বিভিন্ন দণ্ডের থেকে আগত অংশীজনের সাথে পরিচয় বিনিময় করেন। এরপর সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কল্যাণ বোর্ডের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপন করেন। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ২৩ জন কর্মকর্তা কর্মচারী নিয়ে পরিচালিত হচ্ছে। এটি সম্পূর্ণরূপে একটি কল্যাণমূলক প্রতিষ্ঠান। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম বিভাগের সকল সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত ২৫টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের নিজ ও পরিবারের সামাজিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে নানাবিধ আর্থিক কার্যক্রম পরিচালনা করে আসছে। তন্মধ্যে কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবার বর্গের চিকিৎসা জনিত আর্থিক সাহায্য প্রদান, কর্মকর্তা-কর্মচারীদের মৃত্যু জনিত কারণে ঘোথবীমা থেকে এককালীন এবং মৃত/অক্ষম/অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর পরিবার ও নিজের জন্য কল্যাণ তহবিলের ধারাবাহিক মাসিক সাহায্য এবং দাফন-অন্ত্যোষ্ঠিক্রিয়ার আর্থিক সাহায্য প্রদান করে থাকে।

সরকারি কর্মচারীদের নির্ধারিত সময়ে অফিসে আসা যাওয়ার লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক স্টাফ বাস সার্ভিস কর্মসূচি কার্যক্রম চালু রয়েছে। ১৩ থেকে ২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারী এবং সকল গ্রেডের অবসরপ্রাপ্ত/মৃত কর্মচারীর অনধিক দু' সতানের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করে থাকে। এছাড়াও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দ্বারা গঠিত ও পরিচালিত বিভিন্ন কল্যাণমূলক ক্লাব/সমিতি/কমিউনিটি সেন্টারকে আবেদনের প্রেক্ষিতে প্রতি আর্থিক বছরে একবার অনুদান প্রদান করা হয়।

✓

বিভিন্ন দণ্ডের থেকে আগত অংশীজনের সাথে আলোচনার বিষয় সমূহ নিম্নরূপ-

- ❖ জনাব মোহাম্মদ মোশাররফ হোসেন, সহকারী পরিচালক (কলেজ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল সভায় বলেন, কর্মচারী স্টাফবাস যাতায়াতে কিভাবে তার ভাড়া নির্ধারণ করা হয়ে থাকে এবং একেখান, চট্টগ্রাম এরিয়াতে চালু করা যাবে কিনা।
সভাপতি বলেন যে, কর্মচারীর স্টাফবাস যাতায়াতে প্রতি কিলোমিটার .৬৪ পয়সা করে নির্ধারণ করা হয়। এছাড়াও যে সকল এরিয়াতে যাত্রী সংখ্যা তুলনামূলক ভাবে বেশী হবে এবং তাদের আবেদনের প্রেক্ষিতে সেই ক্ষেত্রে স্টাফবাস চালু করা হবে।
- ❖ জনাব মোঃ ফখরুল আলম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী) চট্টগ্রাম জানতে চান যে, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কোর্সে ভর্তি হতে হলে কোথায় যোগাযোগ করতে হবে এবং বর্তমানে কি কি কোর্সে কয়দিন মেয়াদে প্রশিক্ষণ দেয়া হয়। চাকুরীরত অবস্থায় কর্মচারী মৃত্যুবরণ করলে যৌথবীমা ২ লক্ষ টাকা প্রদান করা হয়, এটি বাড়ানোর কোন প্রস্তাবনা আছে কিনা।
এ সংক্রান্তে সভাপতি অবহিত করেন যে, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের ভর্তির জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, আগ্রাবাদ, চট্টগ্রামে ভর্তি কার্যক্রম গ্রহণ করা হয়। বর্তমানে কম্পিউটার (বেসিক, গ্রাফিক্স), ফিল্যাসিং, সেলাই, কনফেকশনারী ও বিডিটিফিকেশন এর কোর্স চলমান রয়েছে। ৩ মাস মেয়াদে প্রতিকোর্স পরিচালিত হয়। এছাড়াও চাকুরীরত অবস্থায় কর্মচারী মৃত্যুবরণ করলে বর্তমানে তার পরিবারকে ২ লক্ষ টাকা প্রদান করা হয়। যৌথবীমা ২ লক্ষ থেকে ৪ লক্ষ বৃদ্ধি করণের বিষয়টি বোর্ডের প্রক্রিয়াধীন রয়েছে।
- ❖ জনাব সুরাইয়া সানজিদা চৌধুরী, সহকারী পরিচালক, বিএসটিআই, চট্টগ্রাম জানতে চান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাগ্রহীতা মূলত কারা।
এ প্রসঙ্গে সভাপতি বলেন, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড প্রজাতন্ত্রের সকল সরকারি ও বোর্ডের তালিকাভূক্ত ২৫টি ঘায়ত্রোসিত প্রতিষ্ঠানের কর্মচারীদের নিজ ও পরিবারের সামাজিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে নানাবিধি আর্থিক কার্যক্রম পরিচালনা করে থাকে।
- ❖ জনাব মোহাম্মদ আবদুল মল্লান, পরিদর্শক, বিভাগীয় সমবায় দণ্ডের, চট্টগ্রাম মতামত প্রকাশ করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিধি অনুযায়ী চিকিৎসা আবেদন ২ বৎসরের মধ্যে দাখিল করতে হবে। দেশের বর্তমান পরিস্থিতি যেমন, সরকার পরিবর্তন, বন্যা ও বিভিন্ন মহামারির কারণে একজন সরকারি কর্মচারী নির্দিষ্ট সময়ে আবেদন করতে পারেন না। এই ক্ষেত্রে চিকিৎসার আবেদন ২ বৎসরের পরিবর্তে ৩ বৎসর বৃদ্ধি করলে কর্মচারীগণ উপকৃত হবেন।

সভাপতি এ সংক্রান্তে বলেন, এ বিষয়টি যৌক্তিক কারণ সমূহ উল্লেখ পূর্বক বোর্ডের পরবর্তী সময় সভায় উপস্থাপন করা হবে।

✓

৩.০ অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শিল্পী
(খিনওয়ান নু)
পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
Email: directorchi@bkbb.gov.bd

অনুলিপি :

১. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. অফিস নথি।